হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ
বিশেষ ডাইরী নং ....... তারিখ ঃ .......
অতিঃ সিজিএ (প্রশাঃ) — অতি জরুরী
অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি) — ...... দিনের মধ্যে মন্তব্য
ডিসিজিএ (প্রশাঃ/হিসাব/দক্ষতা ও শৃঙ্খলা/আইসিইউ/পদ্ধতি) — পরীক্ষা করে মতামত দিন
এসিজিএ(প্রশাঃ)/এএও — প্রয়োজনীয় ব্যবস্থা নিন
পিএ — পৃষ্ঠাংকন করুন
নোট করুন/আলাপ করুন
নথিভুক্ত করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ইউসেপ চেইনী টাওয়ার (৩য় তলা)
২৫ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং- ০৭.০০.০০০০.০০০.৯৯.০০৬-২৫৭ তারিখঃ ০৪/০৪/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ **স্বয়ংক্রিয় পদ্ধতিতে ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখে সকল সরকারি কর্মচারীকে একটি ইনক্রিমেন্ট প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) এর প্রজ্ঞাপন এস,আর,ও নং ৮১-আইন/২০১৬,তারিখ ৩০ মার্চ ২০১৬।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাস্তবায়ন অনুবিভাগ) কর্তৃক ৩০ মার্চ ২০১৬ তারিখে জারীকৃত ১৫/১২/২০১৫ তারিখের বার্ষিক বর্ধিত বেতন প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপনের (কপি সংযুক্ত) প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত প্রজ্ঞাপনের এর আলোকে যে সকল কর্মচারীর ০১/৭/২০১৫ তারিখের বেতন নির্ধারণ হিসাবরক্ষণ অফিস কর্তৃক প্রতিপাদিত হয়েছে, সে সকল কর্মচারীর ১৫/১২/২০১৫ তারিখের বার্ষিক বর্ধিত বেতন অনলাইনে বেতন নির্ধারণ সিস্টেমের মাধ্যমে স্বয়ংক্রিয় পদ্ধতিতে হালনাগাদ করা হয়েছে। এর ফলে ০১/৭/২০১৫ তারিখে নির্ধারিত মূল বেতনের সাথে ১৫/১২/২০১৫ তারিখে একটি ইনক্রিমেন্ট যুক্ত হয়েছে। সংশ্লিষ্ট সকল সরকারি কর্মচারী অনলাইনে বেতন নির্ধারণ সিস্টেমে সংযোজিত 'বিশেষ ইনক্রিমেন্ট (১৫/১২/২০১৫)' অপশনে প্রবেশ করে নিজ নিজ বর্ধিত বেতনের প্রতিবেদন দেখতে এবং প্রয়োজনে প্রিন্ট নিতে পারবেন। এ অপশনে প্রবেশের জন্য জাতীয় পরিচয়পত্র এবং ভেরিফিকেশন নম্বর প্রয়োজন হবে।

৩। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অনলাইনে বেতন নির্ধারণ সিস্টেমের 'হোম পেইজ' -এ প্রদর্শিত 'বিশেষ ইনক্রিমেন্ট' মেন্যু হতে বার্ষিক বর্ধিত বেতনের প্রতিবেদন যাচাই করতে এবং প্রয়োজনে প্রিন্ট নিতে পারবে।

৪। যে সকল কর্মচারী ০১/৭/২০১৫ তারিখের বেতন নির্ধারণ প্রতিপাদনের পর টাইমস্কেল, সিলেকশন গ্রেড, পদোন্নতি বা বেতন পুনঃনির্ধারণ সুবিধা গ্রহণ করেছেন, প্রাপ্যতা অনুযায়ী পর্যায়ক্রমে তাঁদের ১৫/১২/২০১৫ তারিখের বার্ষিক বর্ধিত বেতনও এই সিস্টেমের মাধ্যমে হালনাগাদ করা হবে।

৫। উল্লেখ্য, ১৫/১২/২০১৫ তারিখের বার্ষিক বর্ধিত বেতনপ্রাপ্ত কোন কর্মচারী ১৫/১২/২০১৫ তারিখের পূর্বের প্রাপ্য কোন সুবিধা (টাইমস্কেল, সিলেকশন গ্রেড, পদোন্নতি) গ্রহণ না করে থাকেন, তবে যাচাইকালে ১৫/১২/২০১৫ তারিখে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রদত্ত বার্ষিক বর্ধিত বেতন বৃদ্ধি রহিত করে প্রথমে প্রাপ্য সুবিধা প্রদান করা যেতে পারে। এ ছাড়া, প্রশাসনিক আদেশের মাধ্যমে উপযুক্ত কোন কর্তৃপক্ষ যদি কোন কর্মচারীর বার্ষিক ইনক্রিমেন্ট স্থগিত করে থাকে তবে যাচাইকালে তাও রহিত করা যেতে পারে। আরো উল্লেখ্য যে, ১৫/১২/২০১৫ তারিখে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রদত্ত ইনক্রিমেন্ট রহিত/বাতিল করার জন্য অন-লাইন সিস্টেমে শিঘ্রই একটি অপশন সংযোজন করা হবে। সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস এ অপশন ব্যবহার করে ইতোমধ্যে স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রদত্ত ইনক্রিমেন্ট রহিত/বাতিল করতে পারবে।

৬। বর্ণিত অবস্থায়, তাঁর অবগতি এবং অধীনস্থ কার্যালয়সমূহকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সুধাংশু শেখর বিশ্বাস)
কর্মসূচি পরিচালক
সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

হিসাব মহা নিয়ন্ত্রক
সচিবালয় ভবন (৩য় ফেজ)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

অনুলিপি:
১. অতিরিক্ত সচিব, বাস্তবায়ন, অর্থ বিভাগ
২. অতিরিক্ত সচিব, বাজেট-২, অর্থ বিভাগ

অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি)
১ অতি জরুরী
১ ....... দিনের মধ্যে মন্তব্য দিন
১ পরীক্ষা করে মতামত দিন
১ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
পৃষ্ঠাংকন করুন
১ নথিভুক্ত করুন
অতিঃ সিজিএ (হিসাব ও পদ্ধতি)

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মার্চ ৩০, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থ বিভাগ**

**(বাস্তবায়ন অনুবিভাগ)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ/৩০ মার্চ, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৮১-আইন/২০১৬।**–Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৫, তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ এর মাধ্যমে জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এ নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের—

(ক) অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) উপ-অনুচ্ছেদ (১) এ যাহা কিছুই থাকুক না কেন ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে ৩০ জুন, ২০১৬ তারিখ পর্যন্ত কোন কর্মচারী যে তারিখে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইতেন, সেই নির্ধারিত তারিখের পরিবর্তে সকল কর্মচারী একই তারিখে অর্থাৎ ১৫ ডিসেম্বর, ২০১৫ তারিখে বার্ষিক বর্ধিত বেতন প্রাপ্য হইবেন; তবে বার্ষিক বর্ধিত বেতন নির্ধারণ প্রক্রিয়ায় ইতোমধ্যে যে সকল কর্মচারী ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে ১৪ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত বার্ষিক বর্ধিত বেতন বাবদ যে অর্থ উত্তোলন করিয়াছেন তাঁহাদের উত্তোলিত অর্থ ফেরত প্রদান করিতে হইবে না এবং যদি কোন কর্মচারী উপরোক্ত সময়ের মধ্যে প্রাপ্যতা অনুযায়ী বার্ষিক বর্ধিত বেতন উত্তোলন না করিয়া থাকেন তিনিও এই সুবিধা প্রাপ্য হইবেন।"; এবং


**মূল্য :** টাকা ৪.০০

(খ) অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৫) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৫) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোন সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক, বিমা বা আর্থিক প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাঁহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তিনি কোন বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) প্রচলিত বিধান মোতাবেক পূর্ববৎ বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন।"।

২। ইহা ০১-০৭-২০১৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু তাহের**
অতিরিক্ত সচিব
অর্থ বিভাগ।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site :www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়**
**সিজিএ ভবন**
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নংঃ-সিজিএ/হিসাব ও সিডিপিইউ/পৃষ্ঠাংকন/৪০৫/ ৯১৭৭ তারিখঃ ১২/০৪/২০১৬খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়-এর সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচীর ০৪ এপ্রিল, ২০১৬ খ্রিঃ তারিখের স্মারক নম্বর-০৭.০০.০০০০.০০০.৯৯.০০৬-২৫৭ নিম্নবর্ণিত কার্যালয়সমূহে নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
৫। অফিস কপি।

১২.৪.১৬

**(মোঃকামাল উদ্দিন)**
নিরীক্ষা ও হিসাব রক্ষন কর্মকর্তা
হিসাব ও সিডিপিইউ শাখা
ফোনঃ ৮৩৯২৩২১।